

ফুসকুড়ি ও শুষ্ক ত্বক

একটি সাধারণ সমস্যা যা সহজে চিকিৎসা করা যায়

বাচ্চাদের ত্বকে তাড়াতাড়ি ফুসকুড়ি হওয়া স্বাভাবিক ব্যাপার, কারণ তাদের ত্বক বিভিন্ন পরিবেশের সাথে মানিয়ে নেয়। যদি আপনার বাচ্চার ফুসকুড়ি হয় এবং তাকে অসুস্থ মনে হয়, আপনার GP-র সাথে যোগাযোগ করুন। বেশিরভাগ ফুসকুড়ি নিয়ে উদ্বেগ হওয়ার কিছু নেই, তবে মেনিনজাইটিসের লক্ষণগুলি সম্পর্কে অবশ্যই সচেতন থাকুন।

ন্যাপির কারণে ফুসকুড়ি

ন্যাপির কারণে ফুসকুড়ি খুব সাধারণ ঘটনা এবং তা অনেক শিশুকে প্রভাবিত করতে পারে। এটি সাধারণত ঘটে যখন আপনার বাচ্চার ত্বক তাদের ন্যাপিতে জমে থাকা মলমূত্রের সংস্পর্শে আসে। একটি ন্যাপি ফুসকুড়ি আপনার বাচ্চার ত্বকে ঘা তৈরি করতে পারে।

বেশিরভাগ ন্যাপি ফুসকুড়ি একটি সাধারণ ত্বকের পরিচর্যা রুটিন দিয়ে এবং একটি ক্রিম ব্যবহার করে চিকিৎসা করা যেতে পারে, যা আপনি ফার্মাসিস্টের কাছ থেকে পেতে পারেন। হালকা ন্যাপি ফুসকুড়ি হলে, আপনার বাচ্চা সাধারণত খুব বেশি অস্বস্তি অনুভব করবে না।

শুকনো ত্বক

একটি বাচ্চার ত্বক অপেক্ষাকৃত পাতলা হয় এবং অতিরিক্ত যত্নের প্রয়োজন হয়। নবজাতকদের শুষ্ক, আঁশ ওঠা ত্বক, কিছু দাগ এবং সামান্য ফুসকুড়ি থাকা স্বাভাবিক ব্যাপার এবং স্বাভাবিকভাবেই তা পরিষ্কার হয়ে যাবে। যদি আপনার বাচ্চা অন্যথায় ভাল থাকে কিন্তু তার ফুসকুড়ি হয় এবং আপনি তা নিয়ে চিন্তিত হন, তাহলে আপনার স্বাস্থ্য পরিদর্শক বা GP-র সাথে যোগাযোগ করুন।

ফার্মাসিস্ট বলেন

কল করুন এবং ক্রিম সম্পর্কে আমাদের সাথে কথা বলুন যা আমরা আপনাকে বিনা প্রেসক্রিপশনে প্রদান করতে পারি।

দুই ধরনের ন্যাপি ক্রিম পাওয়া যায়। একটি হল বেরিয়ার ক্রিম যা আপনার বাচ্চার ত্বককে মূত্র থেকে দূরে রাখতে পারে। অন্যটি একটি মেডিকেটেড ক্রিম যা যে কোনো ব্যথা দূর করার জন্য ভালো, কিন্তু শুধুমাত্র একজন স্বাস্থ্য পেশাদারের পরামর্শে ব্যবহার করা উচিত।

স্বাস্থ্য কর্মীর ন্যাপি ফুসকুড়ি সংক্রান্ত পরামর্শ

- আপনার বাচ্চাকে একটি উষ্ণ, নিরাপদ স্থানে কোনো পোষাক বা ন্যাপি না পরিয়ে রেখে দিন, যাতে তাদের ত্বকে বাতাস লাগে।
- একটি বাধা সৃষ্টিকারী ক্রিম ব্যবহার করুন।
- ঘন ঘন ন্যাপি পরিবর্তন করতে এবং তা খতিয়ে দেখতে ভুলবেন না।

জন্ম থেকে (এবং এর পরে) পিতামাতা এবং শিশুদের পরিচর্যাকারীদের জন্য একটি নির্দেশিকা
শৈশবের সাধারণ অসুস্থতা ও ভাল থাকা

NHS হেউড, মিডলটন এবং রচডেল ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপ

স্বাস্থ্য পরিদর্শকের ক্র্যাডল ক্যাপ সংক্রান্ত পরামর্শ

নবজাতক বাচ্চাদের মাথার ত্বককে প্রভাবিত করে এমন চর্বিযুক্ত হলুদ-বাদামী আঁশ এবং ক্রাস্টিংকে এই নাম দেওয়া হয়।

আঁশ টেনে তুলবেন না, কারণ এটি সংক্রমণের ঝুঁকি বাড়াতে পারে। এটি একটি গুরুতর স্বাস্থ্যসমস্যা নয় এবং তা সংক্রামক নয়। এটি সাধারণত চুলকায় না এবং সাধারণত কয়েক সপ্তাহ থেকে কয়েক মাসের মধ্যে পরিষ্কার হয়ে যায়।

রাতে মাথার ত্বকে অল্প পরিমাণে বেবি বা ভেজিটেবল তেল (অলিভ অয়েল নয়) মালিশ করলে তা আঁশগুলিকে নরম ও আলগা করতে সাহায্য করতে পারে। ত্বকের আলগা আঁশ তোলার জন্য সকালে আলতোভাবে একটি নরম বেবি ব্রাশ বা কাপড় ব্যবহার করুন। আঁশের সাথে চুল বের হলে তা আবার গজাবে। বেবি শ্যাম্পু দিয়ে আন্তে আন্তে বাচ্চার চুল এবং মাথার ত্বক ধুয়ে নিন।

ফুসকুড়ি ছড়িয়ে পড়লে বা কোনো সংক্রমণ বা পুঁজ বের হলে এই ব্যাপারে আপনার স্বাস্থ্য পরিদর্শকের সাথে কথা বলুন।

সূত্র: NICE ক্লিনিক্যাল গুণন সারাংশ 2013

1

ন্যাপির চারপাশে একটি লাল, বেদনাদায়ক ফুসকুড়ি রয়েছে। বাচ্চাটি অস্বস্তিতে রয়েছে এবং প্রচুর কান্নাকাটি করছে।

2

বাচ্চাটি কি দীর্ঘ সময় ধরে নোংরা ন্যাপিতে আছে? আপনি কি আপনার স্বাস্থ্য পরিদর্শকের পরামর্শ অনুসরণ করেছেন, বা আপনার ফার্মাসিস্টের সাথে কথা বলেছেন?

3

প্রায়ই ন্যাপি পরিবর্তন করুন। আপনি চিন্তিত হলে, আপনার GP-কে দেখান।

জন্ম থেকে (এবং এর পরে) পিতামাতা এবং শিশুদের পরিচর্যাকারীদের জন্য একটি নির্দেশিকা
শৈশবের সাধারণ অসুস্থতা ও ভাল থাকা

NHS হেউড, মিডলটন এবং রচডেল ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপ